# দৈনিক খবর

তারিখ... [illegible]
পৃষ্ঠা... [illegible] ...কলাম... [illegible]

46

## কলেজ শিক্ষক সমিতির ১০ শতাংশ মহার্ঘভাতা প্রদানের আহবান

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য বৃদ্ধির প্রেক্ষিতে শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুরূপ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদেরকে স্ব-স্ব বেতনের ন্যূনতম ১০ শতাংশে মহার্ঘভাতা প্রদানের জন্যে অস্থায়ী রাষ্ট্রপতির নিকট অনুরোধ জানিয়েছে। বাকশিসের দপ্তরে মহা-সম্পাদক অধ্যাপক এম শরীফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সংগঠনের জাতীয় স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত এক প্রস্তাবে এই অনুরোধ জানানো হয়েছে।

প্রস্তাবে প্রতিশ্রুত সময়ের মধ্যে কলেজ শিক্ষা জাতীয়করণের সিদ্ধান্ত বাস্তবায়িত না হওয়ায় ক্ষোভ প্রকাশ করা হয় এবং অবিলম্বে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা না হলে দাবী আদায়ের জন্যে আন্দোলনে যাওয়ার সিদ্ধান্ত নেয়া হয়।

প্রস্তাবে স্কুল পর্যায়ে চালু পাঠ্যপুস্তক পর্যালোচনা ও সংশোধনী কমিটিতে স্বৈরাচার বিরোধী আন্দোলনে অংশগ্রহণকারী কোন শিক্ষক সংগঠনের প্রতিনিধি না রাখায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয় এবং দেশের বৃহত্তম জনগোষ্ঠীর আশা-আকাংখার পরিপন্থী কোন সিদ্ধান্ত চাপিয়ে না দেবার জন্যে শিক্ষা মন্ত্রণালয়ের কাছে দাবী জানান হয়।

সভায় অন্যান্যের মধ্যে অধ্যাপক আবুল কাশেম, অধ্যাপক হারুনুর রশীদ পাঠান, অধ্যক্ষ মাজহারুল হান্নান, অধ্যাপক আবদুল বাসেত, অধ্যক্ষ আবদুর রশীদ, অধ্যাপক এম মোজাফফর হোসেন, অধ্যাপক মোঃ সিদ্দিকুর রহমান প্রমুখ কর্মকর্তাবৃন্দ দেশের সাম্প্রতিক গণআন্দোলনের প্রেক্ষাপটে বেসরকারী কলেজের সমস্যাবলীসহ বিভিন্ন বিষয়ে বক্তব্য রাখেন।

SHEET —— OF —— SHEETS